



স্কটল্যান্ড পরিবর্তিত হচ্ছে।



HM Government

নতুন করে শুরু করছে।

স্কটিশ সংসদের কাছে নতুন ক্ষমতা আসতে চলেছে।

স্কটল্যান্ডের সকল পাঁচটি রাজনৈতিক দলগুলো এই নতুন ক্ষমতাগুলোর প্রতি একমত রয়েছেন এবং তারা এগুলোর জন্য গ্যারান্টি ও দিয়েছে।

এইগুলো হলিহুড কে বিশ্বের সবচেয়ে ক্ষমতামূল্যবান উত্তরাধিকাসূত্রে হস্তান্তরিত সংসদের মধ্যে একটি বানিয়ে তুলবে।

ইউকের সরকার আইন কে পরিবর্তিত করতে চলেছে যাতে নতুন কর, নতুন কল্যাণ এবং নতুন ভোট দেয়ার ক্ষমতা সহ অন্যান্য নানান ধরনের নতুন ক্ষমতা স্কটিশ সংসদের অধীনে আসবে।

স্কটল্যান্ডের সম্প্রদায় এখনো ইউকে পাউন্ড, ইউকে পেনশন এবং ইউকে পাসপোর্ট সহ একটি বড় ইউকে অর্থনীতির অংশ থাকার সকল সুযোগ সুবিধার লাভ ভোগ করবে। তার শক্তিশালী প্রতিরক্ষা বাহিনী এবং বিশ্বব্যাপী প্রভাবের সঙ্গে আমরা ইউকের নাগরিক থাকবো।

আপনার বয়স যাই হোক না কেন এবং আপনি যেখানেই থাকুন না কেন, যুক্তরাজ্যের অংশ হওয়ার মানে হল যে আমরা আমাদের সম্পদ একত্রে জড়ো করি এবং ভাগাভাগি করি।

এর মানে এও যে ইউকের বড় এবং অধিক বৈচিত্র্যময় অর্থনীতি সকল আকস্মিক সমস্যা থেকে স্কটল্যান্ডের রক্ষা করার কাজ চালিয়ে যাবে যেমন ধরুন হালে তেলের দাম পড়ে যাওয়া কিংবা আর্থিক সমস্যার সময় ব্যাঙ্কগুলো কে বাঁচাবার প্রয়োজন। একটি অনিশ্চিত বিশ্বে ইউকের শক্তিশালী প্রতিরক্ষা বাহিনী পরিবারদের অতিরিক্ত নিরাপত্তা প্রদান করে।

একটি শক্তিশালী সংসদ। একটিই ঐক্যবদ্ধ ভবিষ্যৎ। চিরস্থায়ী থাকার জন্য গঠিত।

এই পুস্তিকা।

আমাদের সকলের জন্য জানা গুরুত্বপূর্ণ যে এই নতুন ক্ষমতাগুলো তে কি কি রয়েছে। এই পুস্তিকায় বিশদভাবে ব্যাখ্যা করা হয়েছে যে কোন কোন প্রধান পরিবর্তন ঘটতে চলেছে এবং ইউকের অংশ থাকার ফলে আমরা কোন কোন জিনিসের সুযোগ সুবিধা ভোগ করতে থাকবো।

স্কটল্যান্ডের জন্য একটি সঠিক সমতা প্রাপ্ত করার উদ্দেশ্যে এই সকল কাজ করা হচ্ছে।

যদি কোন সিদ্ধান্ত স্কটল্যান্ডে নেয়া সেবা হবে তাহলে ঠিক তাই করা হবে। এবং আমাদের নিরাপাদ আর শক্তিশালী বানিয়ে রাখার জন্য যেক্ষেত্রে ইউকের বাকি অংশের সঙ্গে ঝুঁকি এবং মূল্যগুলো ভাগাভাগি করা বোধগম্য হবে সেক্ষেত্রে তেমনই করা হবে।

অধিক চাকরির সুযোগ প্রদান করার জন্য, সবচেয়ে অভাবগ্রস্ত লোকদের সহায়তা করার জন্য এবং ইউকের সকল অংশের প্রতিরক্ষা করার জন্য আমরা যুক্তরাজ্য হিসাবে একসঙ্গে মিলে কাজ করবো।

এই পরিবর্তনগুলোর ফলে আমাদের সারা জীবনকালে আমাদের সকলের জন্য এবং আমাদের পরিবারের জন্য স্কটিশ সংসদ আরো ভালোভাবে কাজ করতে পারবে।



| প্রথম কয়েক বছর।

প্রতিদিন প্রায় 150 শিশুরা এমন একটি স্কটল্যান্ডে জন্মায় যেখানে ইতিমধ্যে স্কটিশ সংসদ স্কটল্যান্ডের এনএইচএস এবং স্কটল্যান্ডের শিক্ষা ব্যবস্থার জন্য দায়ী। এটা পরিবর্তিত হবে না।

আমাদের বাচ্চারা এমন একটি স্কটল্যান্ডে বড় হবে যেখানে নির্দিষ্ট স্কটিশ করে মাধ্যমে হলিওড তার দ্বারা ব্যয় করা অধিকাংশ টাকা একত্র করবে।

এবং ইউকের সরকার এখনো সেই সকল পরিবারদের চাইল্ড বেনিফিট দেয়া চালিয়ে যাবে যাদের সব চেয়ে বেশি প্রয়োজন রয়েছে।



। তরুণ/তরুণী

নতুন ক্ষমতাগুলোর মানে হল যে স্কটল্যান্ডে 16 এবং 17 বয়সী তরুণ/তরুণীরা হালিফডের নির্বাচনে ভোট করতে পারবে।

বড় ইউকে অর্থনীতির অংশ হওয়ার ফলে স্কটল্যান্ডের তরুণ/তরুণীরা আরো ভালো চাকরির সুযোগ পাবে।

পুরো বিশ্বে যেকোন জায়গায় ভ্রমণ করার সময় আমাদের তরুণ/তরুণীদের কাছে একটি ইউকে পাসপোর্ট থাকবে যার ভিত্তি তে তারা ইউকের দুতাবাসগুলো থেকে সহায়তা পেতে পারে।

। কাজ এবং পারিবারিক জীবন।

একক ইউকে চাকরি বাজারের মানে হল যে স্কটিশ কর্মীরা সম্পূর্ণ ইউকে তে যেকোন কোথাও গিয়ে কাজ করতে পারেন এবং তারা এ জেনে নিশ্চিত থাকতে পারেন যে তারা যেখানেই যান না কেন তাদের পেনশন পাওয়ার অধিকার, কাজ সংক্রান্ত বেনিফিট এবং ন্যাশনাল ইন্স্যুরেন্স তাদের সঙ্গেই থাকবে। ইউকের শক্তিশালী পুনর্লভের অংশ হওয়ার ফলে, 2010 সাল থেকে স্কটল্যান্ডে চাকরির মাত্রা 175,000 বেড়েছে।

স্কটিশ সংসদ নিজে আয় করের হার নির্ধারিত করবে এবং নানান ধরনের অন্যান্য সকল করগুলো কে ও নিয়ন্ত্রিত করবে। স্কটিশ সংসদ দ্বারা একত্র করা টাকা স্কটল্যান্ডেই থাকবে। স্কটিশ সংসদ প্রায় £2.5 বিলিয়ন মূল্যের নতুন কল্যাণ সংক্রান্ত ক্ষমতা পাবে। ইউকের সরকার এখনো বেকারভাতা প্রদান করা চালিয়ে যাবে এবং ন্যূনতম মজুরির গ্যারান্টি দেবে।





অবসর গ্রহণ।

অবসর গ্রহণ জীবনে, ইউকে এবং স্কটিশ সরকার দুজনাই আমাদের দেখাশোনা করার জন্য তাদের নিজ নিজ ভূমিকা পালন করে।

এনএইচএস, ব্যক্তিগত দেখাশোনা, প্রেসক্রিপশন এবং সার্বজনিক পরিবহনের চার্জ হচ্ছে স্কটিশ সংসদের নিয়ন্ত্রণে।

এবং আমরা যেখানেই থাকি না কেন আমাদের পেনশন কয়েক মিলিয়ন ইউকের করদাতাদের দ্বারা সাহায্যপ্রাপ্ত রয়েছে।

এবং পরিশেষে...

জীবন পরিবর্তন নিয়ে আসে এবং স্কটল্যান্ড ও পরিবর্তিত হতে চলেছে।

নতুন ক্ষমতা আসতে চলেছে যা স্কটল্যান্ড কে বিশ্বের সব চেয়ে ক্ষমতাসালী উত্তরাধিকাসূত্রে হস্তান্তরিত সংসদের মধ্যে একটি বানিয়ে তুলবে।

কিন্তু ইউকে রাষ্ট্রের পরিবারের অংশ হওয়ার ফলে, স্কটল্যান্ড বড় কিছুই ও অংশ। .

একটি শক্তিশালী সংসদ। একটিই ঐক্যবদ্ধ ভবিষ্যৎ। চিরস্থায়ী থাকার জন্য গঠিত।



কি উত্তরাধিকারসূত্রে হস্তান্তরিত করা হয়েছে এবং কি সংরক্ষিত রয়েছে।

স্কটল্যান্ডে ইতিমধ্যে একটি উত্তরাধিকারসূত্রে হস্তান্তরিত সংসদ আছে যার কাছে এমন সকল জিনিসের বিষয়ে ক্ষমতা রয়েছে যা দৈনিক জীবন কে প্রভাবিত করে, যেমন স্বাস্থ্য, শিক্ষা এবং জরুরি পরিষেবা।

স্কটিশ সংসদ যে নতুন ক্ষমতাগুলো পেতে চলেছে সেগুলো তাকে বিশ্বের সব চেয়ে ক্ষমতামূলী উত্তরাধিকাসূত্রে হস্তান্তরিত সংসদের মধ্যে একটি বানিয়ে তুলবে।

এই পরিবর্তনগুলো কে কার্যকর করে দেয়ার পর স্কটিশ সংসদের দায়িত্বে নিম্নলিখিত অন্তর্ভুক্ত থাকবে:

- স্বাস্থ্য
- শিক্ষা
- পুলিশ, আদালত এবং কারাগার
- সার্বজনিক পরিবহন
- পরিবেশ
- আয় করের হার নির্ধারিত করা
- স্থানীয় সরকার
- হলিহুডের নির্বাচন
- চাকরির সমর্থন করার জন্য প্রোগ্রামস
- বিভিন্ন ধরনের বেনিফিট
- অর্থনৈতিক উন্নয়ন এবং ব্যবসায়িক সমর্থন
- হাউজিং (নিবাস) এবং পরিকল্পনা
- খেলাধুলা এবং শিল্প
- কৃষি, বনপালনবিদ্যা এবং মৎস্য
- সমাজ সেবা

ইউকের সংসদ এখনো এমন সকল ক্ষেত্রে দায়ী থাকবে যেখানে একটি সম্পূর্ণ-ইউকে জোড়া পথ থেকে স্কটল্যান্ডের লাভ হবে। এতে অন্তর্ভুক্ত রয়েছে:

- পররাষ্ট্র নীতি
- প্রতিরক্ষা
- রাষ্ট্রীয় সুরক্ষা
- ম্যাক্রো অর্থনৈতিক নীতি
- আর্থিক নীতি
- মুদ্রা
- পেনশন
- বেকারভাতা
- চাইল্ড বেনিফিট
- এনার্জি
- অভিবাসন এবং জাতীয়তা
- আন্তর্জাতিক উন্নয়ন





আমাদের ঐক্যবদ্ধ ভবিষ্যৎ চিরস্থায়ী থাকার জন্য গঠিত

এটি হচ্ছে স্কটল্যান্ডের জন্য নতুন
ক্ষমতার সঙ্গে নতুন করে শুরু করা।
www.OurUnitedFuture.tumblr.com-এ

আরো তথ্য জানুন এবং আপনার সকল
প্রশ্ন জিজ্ঞাসা করুন। কিংবা #আমাদের
ঐক্যবদ্ধ ভবিষ্যৎ (#OurUnitedFuture)
ব্যবহার করে ফেসবুক বা টুইটরে আপনার
মতামত পোস্ট করুন।



HM Government